

নৈতিক ক্রিয়া → যে কাজের ক্ষেত্রে নৈতিক বিশ্লেষণ  
'ভালো - মন্দ' ইত্যাদি প্রয়োগ করা  
যায়, তা নৈতিক ক্রিয়া। মানুষের ঐচ্ছিক ক্রিয়া  
হল নৈতিক কর্ম। কেননা, ঐচ্ছিক ক্রিয়া হকবশ  
মানুষের জীবনেই সম্ভব এবং মানুষের এ ওই প্রকার  
কর্মই 'ভালো - মন্দ' ইত্যাদি বিশ্লেষণে বিশেষিত  
নৈতিক ক্রিয়া।

অনৈতিক ক্রিয়া → যে ক্রিয়ার ক্ষেত্রে নৈতিক  
~~ক্রিয়া~~ বিশ্লেষণ 'ভালো - মন্দ' ইত্যাদি  
প্রয়োগ করা যায় না, তা অনৈতিক ক্রিয়া।  
মানুষের অনৈচ্ছিক ক্রিয়াই অনৈতিক ক্রিয়া, কেননা,  
এক্ষেত্রে 'ভালো - মন্দ' ইত্যাদি নৈতিক বিশ্লেষণ  
প্রয়োগ করা যায় না। স্বয়ংক্রিয়া, প্রতিবর্তক্রিয়া,  
ভ্রাবক্রিয়া, সহজাতক্রিয়া প্রভৃতি অনৈচ্ছিক ক্রিয়া  
এবং সেজন্য অনৈতিক ক্রিয়া।

ঐচ্ছিক ক্রিয়া → মানুষের ঐচ্ছিক ক্রিয়াই হল  
নৈতিক কর্ম। কোনো উদ্দেশ্য সাধনের  
জন্য মানুষ যখন স্বেচ্ছায় এবং সচেতনভাবে কোনো  
কর্ম করে তখন শুধুকে বলে 'ঐচ্ছিক বা স্বেচ্ছাবৃত্ত  
কর্ম'। ঐচ্ছিক ক্রিয়ার কর্মকর্তা বিচার - বিশ্লেষণ দ্বারা  
একটি উপায় অবলম্বন করে কোনো উদ্দেশ্য সাধনে  
প্রবৃত্ত হয় এবং ~~এই কর্ম~~ ওই কাজের পরিণতি  
সম্বন্ধে সচেতন ~~হয়~~ থাকে।

প্রাকৃতিক ক্রিয়া বিশ্লেষণ করলে তিনটি ভূয় পাওয়া  
যায় যথা - (i) মানসিক ভূয়, (ii) দৈহিক ভূয়, (iii) জে ২ - বাহ্যিক  
ভূয় বা বাহ্য ভূয়।

উদ্দেশ্য → অব্যাপক লিলি (Lillie) বলেন, - "উদ্দেশ্য হল যেই  
সাধনের মানসিক প্রক্রিয়া যা কোনো ব্যক্তিকে বিশেষ  
কোনো একভাবে কর্ম করতে প্রবৃত্ত করে বা চালিত করে।"

অভিপ্রায় → উদ্দেশ্য বলতে কেবল ~~লক্ষ্য~~ লক্ষ্যবস্তুর বারনাকে  
বোঝায়। কিন্তু, 'অভিপ্রায়' বলতে (ক) লক্ষ্যবস্তুর  
বারনাকে, (খ) লক্ষ্যলাভের উপায়কে এবং (গ) ফলাফলের ~~প্রতি~~ চিন্তা-  
চেষ্টা বোঝায়। দ্রষ্টব্য, অভিপ্রায়ের মাধ্যমে উদ্দেশ্য অন্তর্ভুক্ত  
তবে 'অভিপ্রায়', 'উদ্দেশ্য' অপেক্ষা আরও বেশি কিছু।